

বিজ্ঞপ্তি

Pre-Matric Scholarship ও Post-Matric Scholarship for ST Students

ত্রিপুরায় স্থায়ী ভাবে বসবাসকারী রাজ্যে এবং বহিঃ রাজ্যে পাঠরত সকল জনজাতি ছাত্র-ছাত্রীদের ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল/কলেজ/ইউনিভার্সিটি) সকল INOদের উদ্দেশ্যে জানানো যাইতেছে যে ২০২৪-২৫ ইং শিক্ষা বর্ষের জন্য প্রি-মেট্রিক বৃত্তি (IX এবং X) ও পোস্ট-মেট্রিক বৃত্তির জন্য জনজাতি ছাত্র-ছাত্রীদের পক্ষ থেকে National Scholarship Portal (<https://scholarships.gov.in/>) এর মাধ্যমে দরখাস্তের (application) আহ্বান করা হচ্ছে। ছাত্র-ছাত্রীদের আগামী ৩১শে অক্টোবর, ২০২৪ ইং তারিখের মধ্যে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে উক্ত বৃত্তির জন্য আবেদন করতে হবে :

প্রকল্পের নাম	কার্যক্রম	সময় সীমা
প্রি-মেট্রিক বৃত্তি (IX এবং X)	ছাত্র-ছাত্রীদের দ্বারা আবেদন নিবন্ধন/ দাখিল/ পুনরায় জমা	১/০৮/২০২৪ হইতে ৩১/১০/ ২০২৪
	INO দ্বারা ছাত্রছাত্রীদের আবেদনপত্র যাচাই করণ / পুনরায় যাচাই করণ	১০/১১/ ২০২৪
	জেলা স্তরের যাচাই করণ	২০/১১/২০২৪
	রাজ্য স্তরের যাচাই করণ / অনুমোদন	৩০/ ১১ /২০২৪
পোস্ট-মেট্রিক বৃত্তি	ছাত্র-ছাত্রীদের দ্বারা আবেদন নিবন্ধন/ দাখিল/ পুনরায় জমা	১/০৮/২০২৪ হইতে ৩১/১০/ ২০২৪
	INO দ্বারা ছাত্রছাত্রীদের আবেদনপত্র যাচাই করণ / পুনরায় যাচাই করণ	১৫/১১/ ২০২৪
	জেলা স্তরের যাচাই করণ	৩০/১১/২০২৪
	রাজ্য স্তরের যাচাই করণ / অনুমোদন	২০/ ১২/ ২০২৪

শর্তাবলী :

- ছাত্র-ছাত্রীদের অবশ্যই ত্রিপুরার স্থায়ী বসবাস রত হতে হবে
- ছাত্র- ছাত্রীদের অবশ্যই ত্রিপুরার জনজাতি সম্প্রদায় ভুক্ত হতে হবে
- ছাত্রছাত্রীর পারিবারিক আয় বাৎসরিক ২.৫ লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে
- National Scholarship Portal এর মাধ্যমে বৃত্তির আবেদন করার জন্য ছাত্র-ছাত্রীদের অবশ্যই One Time Registration (OTR) নম্বর থাকতে হবে
- নতুন ছাত্র-ছাত্রীরা এবং যারা ২০২৩-২৪ ইং শিক্ষা বর্ষে বৃত্তির জন্য আবেদন করেন নি তারা ২০২৪-২৫ ইং শিক্ষা বর্ষের জন্য "Fresh" হিসাবে আবেদন করবেন
- উক্ত ক্ষিমে ২০২৩-২৪ ইং শিক্ষা বর্ষে যারা আবেদন করেছিল কিন্তু এখনো বৃত্তির টাকা পাইনি এবং যারা বৃত্তির টাকা পেয়েছে, সেই সমস্ত ছাত্র-ছাত্রীরা ২০২৪-২৫ ইং শিক্ষা বর্ষের জন্য "Renewal" হিসাবে আবেদন করবেন
- ছাত্র-ছাত্রীরা বৃত্তির আবেদনপত্র online NSP র মধ্যমে পূরণ করার পর আবেদনপত্রের পূরণ করা প্রতিলিপি ও প্রয়োজনীয় কাগজপত্র নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অবশ্যই জমা দিতে হবে এবং বহিরাঙ্গের শিক্ষা প্রতিষ্ঠানে পাঠরত ছাত্র-ছাত্রীরা নিজ নিজ জেলা কল্যাণ আধিকারিক অফিস-এ অবশ্যই জমা দিতে হবে

ছাত্র- ছাত্রীদের বৃত্তির আবেদন করার সময় নিম্নলিখিত কাগজ পত্রগুলি অবশ্যই online এ upload করতে হবে :-

Fresh এর ক্ষেত্রে :

- ছাত্র-ছাত্রীর ছবি (Student Photograph passport size)
- জনজাতি শংসাপত্র (ST Certificate)
- পারিবারিক আয়ের শংসাপত্র (Family Income Certificate)
- সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার শংসাপত্র (Marksheet of Last Academic Qualification)
- প্রতিষ্ঠানের প্রকৃত ছাত্রের শংসাপত্র (Bonafide Student of Institution)
- প্রতিষ্ঠান দ্বারা অনুমোদিত ঘোষণাপত্র, হোস্টেলার হলে (Declaration Certificate, if Hosteller)

Renewal এর ক্ষেত্রে :

- সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার শংসাপত্র(Marksheet of Last Academic Qualification)
- প্রতিষ্ঠানের প্রকৃত ছাত্রের শংসাপত্র (Bonafide student of Institutions)
- প্রতিষ্ঠান দ্বারা অনুমোদিত ঘোষণাপত্র, হোস্টেলার হলে (Declaration Certificate, **if Hosteller**),

২০২৪-২৫ ইং শিক্ষাবছরে National Scholarship Portal এ Post-Metric এবং Pre-Metric Scholarship এর জন্য ৩১ শে অক্টোবর ২০২৪ ইং তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। ভারত সরকারের জনজাতি কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশ অনুসারে ৩১ শে অক্টোবর ২০২৪ ইং তারিখের পর আবেদনপত্র দাখিলের জন্য কোনো সময়সীমা বর্ধিত হবে না।

এই বিজ্ঞপ্তিটি সমস্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান/ জেলা শিক্ষা আধিকারিক/ জেলা কল্যাণ আধিকারিক/ মহকুমা কল্যাণ আধিকারিক দ্বারা শিক্ষার্থীদের নজরে আনতে হবে

Signed by

Subhasis Das

Date: 06-10-2024 21:38:17

সদস্য সচিব
ত্রিপুরা জনজাতি উন্নয়ন সমিতি